জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি
ময়মনসিংহ
www.nape.gov.bd

স্মারক নং:৩৮.০৪.০০০০.৪০১.১৬.০৪৭(অংশ-২).২৩-৮৬৩৬ তারিখ: ১০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের লক্ষ্যে প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্র : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সমন্বয় ও মনিটরিং শাখার স্মারক নং- ৩৮.০০.০০০০.০০৫.১৬.১৯-২০১ তারিখঃ ১০ সেপ্টেম্বর ২০২৪।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের পরিপ্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের লক্ষ্যে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি(নেপ)-এর ২০২৩-২৪ অর্থবছরের তথ্য-উপাত্তসহ আলোকচিত্র প্রতিবেদনাকারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয় সমীপে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ১০ (দশ) পৃষ্ঠা ।

২৫/৯/২৪

(ফরিদ আহমদ)
মহাপরিচালক
ফোন: ০২৯৯৬৬৬৬৩০৫
mail:dgnape@gmail.com


সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সমন্বয় ও মনিটরিং শাখা ।

# বার্ষিক প্রতিবেদন

## ২০২৩-২০২৪

শিক্ষা গবেষণা উন্নয়ন



**একাডেমিক ও প্রশাসনিক ভবন**

যোগাযোগ: জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি, একাডেমি রোড, গোহাইলকান্দি, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬৬৬৩০৫

www.nape.gov.bd; e-mail:dgnape@gmail.com; dg@nape.gov.bd

## ভূমিকা

বাংলাদেশের প্রাথমিক শিক্ষাক্ষেত্রে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি একটি শীর্ষ প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান। ১৯৭৮ সালে "মৌলিক শিক্ষা একাডেমি" নামে এর যাত্রা শুরু হয়। পরবর্তীতে ১৯৮৫ সালে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) হিসেবে নামকরণ করা হয় এবং ২০০৪ সালের ১ অক্টোবর থেকে প্রতিষ্ঠানটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে কার্যক্রম পরিচালনা করছে। এসডিজি ৪ এর লক্ষ্যমাত্রা সবার জন্য মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে নেপ প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তা ও শিক্ষকগণের জন্য বুনিয়াদি প্রশিক্ষণসহ বিভিন্ন প্রকারের পেশাগত প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করে থাকে। তাছাড়া প্রাথমিক শিক্ষার সমস্যা চিহ্নিত করে তা সমাধানের উপায় নির্ণয় ও সুপারিশ প্রণয়নের জন্য গবেষণা পরিচালনা করে থাকে। গবেষণালব্ধ তথ্য উপাত্তের উপর ভিত্তিতে নেপ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ভবিষ্যত কর্মপরিকল্পনা প্রণয়নে সহযোগিতা করে থাকে। নেপ দেশের ৬৪ জেলায় অবস্থিত ৬৭টি পিটিআই-এর মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য ১০ মাস ব্যাপী পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) প্রশিক্ষণ কোর্স পরিচালনায় সক্রিয় ভূমিকা রাখছে। নেপ উক্ত কোর্সের কারিকুলাম প্রণয়ন ও বাস্তবায়নে দায়িত্ব পালন করছে। এছাড়া সংশ্লিষ্ট অন্যান্য দেশি বিদেশি প্রতিষ্ঠানের সাথে নেপ অনুষদবর্গ যৌথভাবে বিভিন্ন গবেষণা, সভা-সেমিনার এবং ওয়ার্কশপ আয়োজন করে থাকে।



**জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি ক্যাম্পাসের একাংশ**

**রূপকল্প (Vision)**

মানসম্মত প্রশিক্ষণ ও গবেষণা

**অভিলক্ষ্য (Mission)**

প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনার মাধ্যমে মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন।

**নেপ বোর্ড অব গভর্নরস**

নেপ পরিচালনার জন্য ১৪ সদস্যের বোর্ড অব গভর্নরস রয়েছে। বোর্ড অব গভর্নরস নেপ-এর যাবতীয় কার্যক্রমের অনুমোদন প্রদানের সর্বোচ্চ ফোরাম। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নেপ বোর্ড অব গভর্নরস- এর চেয়ারম্যান এবং মহাপরিচালক, নেপ সদস্য সচিব।

☐ **নেপ বোর্ড অব গভর্নরস-এর সদস্যগণের তালিকা:**

| | | |
|---|---|---|
| ১. | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | চেয়ারম্যান |
| ২. | যুগ্ম সচিব, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ | সদস্য |
| ৩. | যুগ্ম সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | রেক্টর, বিপিএটিসি-এর প্রতিনিধি (এম.ডি.এস পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৫. | যুগ্ম সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৭. | চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড | সদস্য |
| ৮. | অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি | সদস্য |
| ৯. | পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১০. | জেলা প্রশাসক, ময়মনসিংহ | সদস্য |
| ১১. | বেগম রাশেদা খানম, সাবেক উপাধ্যক্ষ, টিচার্স ট্রেনিং কলেজ (মহিলা) | সদস্য |
| ১২. | জনাব আজিজ আহমেদ চৌধুরী, অবসরপ্রাপ্ত মহাপরিচালক, ডিপিই | সদস্য |
| ১৩. | ড. মোঃ আব্দুল হালিম, প্রফেসর, শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৪. | মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | সদস্য সচিব |


**কৌশলগত লক্ষ্যসমূহ:**

১. বুনিয়াদি, মৌলিক, ইনডাকশন এবং অফিস ব্যবস্থাপনা বিষয়ক পেশাগত প্রশিক্ষণ প্রদান
২. ডিপিএড বোর্ড এর মাধ্যমে পিটিআইসমূহে শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা
৩. প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন সংক্রান্ত গবেষণা পরিচালনা
৪. অভ্যন্তরীণ স্থাপনা/স্থাপনাসমূহের নির্মাণ ও মেরামত কাজ

# সাংগঠনিক কাঠামো ও বিন্যাস

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)

সাংগঠনিক কাঠামো



## প্রধান কার্যাবলি

১. প্রাথমিক শিক্ষা বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের পেশাগত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন
২. প্রাথমিক শিক্ষার বিভিন্ন সমস্যা চিহ্নিত করে তার সমাধানের জন্য গবেষণা পরিচালনা
৩. প্রাথমিক শিক্ষার নবনিযুক্ত কর্মকর্তাদের ওরিয়েন্টেশন/বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান
৪. শিক্ষক প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন এবং সে লক্ষ্যে প্রশিক্ষণ সামগ্রীর উন্নয়ন ও বিস্তরণ ঘটানো এবং প্রশিক্ষণ প্রদান
৫. প্রাথমিক শিক্ষাস্তরের শিক্ষাক্রমের উন্নয়ন/পরিমার্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান
৬. প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সেমিনার, সভা, ওয়ার্কশপ, সম্মেলনের আয়োজন ও অংশগ্রহণ করা
৭. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষাব্যুরো, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট, এনসিটিবি, পিটিআই ও ইউআরসি-এর সংশ্লিষ্ট কার্যক্রমে অংশগ্রহণ

## কার্যাবলি বাস্তবায়নে নিয়োজিত অনুষদসমূহ

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির প্রশিক্ষণ-গবেষণা কর্মকান্ড একাডেমির নিম্নবর্ণিত ৭টি অনুষদের মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে:

১. পরিকল্পনা ও ব্যবস্থাপনা অনুষদ
২. ভাষা অনুষদ
৩. সমাজ বিজ্ঞান অনুষদ
৪. বিজ্ঞান ও গণিত অনুষদ
৫. গবেষণা ও পাঠ্যক্রম উন্নয়ন অনুষদ
৬. মনিটরিং ও সুপারভিশন অনুষদ
৭. টেস্টিং এন্ড ইভালুয়েশন অনুষদ

**বাজেট বরাদ্দ ও ব্যয়**

**২০২৩-২০২৪ অর্থবছরে বরাদ্দকৃত, ব্যয়িত এবং অব্যয়িত অর্থের বিবরণ:**

- মোট বরাদ্দ: ৮,৮৪,৯৩,৬০০.০০ (আট কোটি চুরাশি লক্ষ তিরানব্বই হাজার ছয়শত) টাকা
- ৪ কিস্তিতে মোট ছাড়কৃত অর্থ: ৮,৮৪,৯৩,৬০০.০০ (আট কোটি চুরাশি লক্ষ তিরানব্বই হাজার ছয়শত) টাকা
- বিভিন্ন খাতে মোট ব্যয় হয়: ৮,১৬,৫১,৮৪০.০০ (আট কোটি ষোল লক্ষ একান্ন হাজার আটশত চল্লিশ) টাকা
- মোট অব্যয়িত থাকে : ৬৮,৪১,৭৫৯.০০ (আটষট্টি লক্ষ একচল্লিশ হাজার সাতশত উনষাট) টাকা।

**উল্লেখযোগ্য কার্যক্রম**

☐ **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) ২০২৪-২৫ সম্পাদন:**

২৪ জুন ২০২৪ খ্রি. তারিখে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।



প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের উপস্থিতিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব ফরিদ আহাম্মদ ও জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির মহাপরিচালক জনাব ফরিদ আহ্মদ (যুগ্মসচিব সচিব) ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করেন।

☐ **শিক্ষক প্রশিক্ষণ:**

- ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের জুলাই ২০২৩-এপ্রিল ২০২৪ সেশনে পরিমার্জিত ডিপিএড (সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) প্রশিক্ষণ প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (পিটিআই) সমুহের মাধ্যমে ১৯৫০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ সম্পন্ন করেছেন।
- ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের জানুয়ারি ২০২৪-অক্টোবর ২০২৪ সেশনে ৬৭১১ জন প্রশিক্ষণার্থীর পরিমার্জিত ডিপিএড প্রশিক্ষণের (প্রাথমিক শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) রেজিস্ট্রেশন কার্যক্রম প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (পিটিআই) সমুহে সম্পন্ন হয়েছে।

☐ **পেশাগত প্রশিক্ষণ:**

**জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি কর্তৃক পরিচালিত পেশাগত প্রশিক্ষণ ২০২৩-২৪ :**

| ক্রমিক | প্রশিক্ষণ/কর্মশালার শিরোনাম নাম | মেয়াদ | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|---|---|
| ১. | নবনিযুক্ত পিটিআই ইনস্ট্রাক্টরগণের ইনডাকশন প্রশিক্ষণ | ১৫ দিন | ৫৪ | ৪৬ | ১০০ |
| ২. | ৯ম গ্রেডের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ | ৬০ দিন | ৬২ | ৩৮ | ১০০ |
| ৩. | Quality Education in Primary School for Smart Bangladesh (৪ ব্যাচ) | ০৩দিন | ৬৩ | ৬৭ | ১৩০ |
| ৪. | গবেষণার প্রতিবেদন উপস্থাপন বিষয়ক প্রশিক্ষণ | ০১ দিন | ৩৬ | ১৪ | ৫০ |
| ৫. | সহকারি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সহকারি সুপারিনটেনডেন্টগণের স্মার্ট অফিস ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ (২ ব্যাচ) | ০৩ দিন | ১৩১ | ২২ | ১৫৩ |
| ৬. | পিটিআই সুপারিনটেনডেন্টগণের অফিস ব্যবস্থাপনা ও বিটিপিটি বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ০৩ দিন | ৫০ | ১৭ | ৬৭ |
| ৭. | Sustainable Development Goals বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্স (২ব্যাচ) | ০১ দিন | | | ৪৯৭ |
| ৮. | বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্স | ০১ দিন | | | ২১৪ |
| ৯. | পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) বাস্তবায়ন ও মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ০১ দিন | | | ১৯৬ |
| ১০. | রিসার্চ রিপোর্ট প্রেজেন্টেশন বিষয়ক কর্মশালা | ০১ দিন | | | ৫৬ |
| | **সর্বমোট** | | | | **১৫৬৩** |

☐ **এপিএ ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রাভিত্তিক ২০২৩-২০২৪ অর্থবছরে পরিচালিত প্রশিক্ষণ-কর্মশালা:**

| ক্রমিক | প্রশিক্ষণ/কর্মশালার শিরোনাম | সময়কাল | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ কোর্স (৬ ব্যাচ) | ০৬ দিন | ১৮৯ | ৮৩ | ২৭২ |
| ২. | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর প্রতিকার ব্যবস্থা এবং GRS সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা (২ ব্যাচ) | ০২ দিন | ৫৫ | ১৫ | ৭০ |
| ৩. | ট্রেনিং ক্যালেন্ডার চূড়ান্তকরণ বিষয়ক কর্মশালা | ০১ দিন | ১৮ | ০৭ | ২৫ |
| ৪. | Oreintation Workshop for NAPE Personel on Revised DPEd (BTPT) | ০১ দিন | ২৯ | ০৭ | ৩৬ |
| ৫. | তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধিমালা, প্রবিধানমালা, স্বপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা সংক্রান্ত কর্মশালা। (২ ব্যাচ) | ০২ দিন | ৪৮ | ১৫ | ৬৩ |
| ৬. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন বিষয়ক লার্নিং সেশন প্রশিক্ষণ কর্মশালা | ১দিন | ২৪ | ০৭ | ৩১ |
| ৭. | স্মার্ট বাংলাদেশ বিনির্মান বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা | ১দিন | ২০ | ০৫ | ২৫ |
| | **সর্বমোট** | | | | **৫২২** |




নবম গ্রেডের কর্মকর্তাগণের জন্য আয়োজিত ৩১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানের সভাপতি জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) এর মহাপরিচালক জনাব ফরিদ আহ্‌মদ (যুগ্মসচিব)-এর সাথে নেপ এর কর্মকর্তাগণ এবং মেধা তালিকায় প্রথম ১০ জন প্রশিক্ষণার্থী।

## ☐ সম্পাদিত গবেষণাসমূহ:

1. Exploring Factors Contributing to High and Low Performance in the National student's Assessment (NSA) 2022 across Mymensingh Division and Sylhet Division
2. সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন ও ঝড়ে পড়ার অবস্থা বিশ্লেষণ: ময়মনসিংহ
3. Effectiveness Study on Revised DPEd (BTPT)

## ☐ প্রকাশনা:

- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং অধীনস্থ সকল দপ্তরের প্রাথমিক শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ, গবেষণা ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত সংবাদ এবং প্রতিবেদন ইত্যাদি তথ্য সম্বলিত ২টি ষান্মাসিক 'প্রাথমিক শিক্ষা বার্তা' ( নিউজ লেটার) প্রকাশিত হয়।
- গবেষণামূলক নিবন্ধ সমৃদ্ধ বাৎসরিক ১টি **'Primary Education Journal'** প্রকাশিত হয়।

## ☐ মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ বিষয়ক কর্মশালা:

প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে মাঠ পর্যায়ের প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট জনবলের প্রশিক্ষণ, গবেষণা, ওয়ার্কশপ, সেমিনার, মনিটরিং ও মেন্টরিং কার্যক্রমের মানোন্নয়নের অংশ হিসেবে মাঠ পর্যায়ের অংশীজনের জন্য ২০২৩-২৪ অর্থবছরে ২টি গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হয়।

## ☐ মনিটরিং ও সুপারভিশন:

২০২৩-২০২৪ অর্থ বছরে ১৫টি পিটিআই এবং ২৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মনিটরিং কার্যক্রম সম্পন্ন হয়।

## ☐ উদ্ভাবনী কার্যক্রম:

- সেবার মান সহজীকরণ করতে ডি-নথি-এর মাধ্যমে মন্ত্রণালয়সহ অন্যান্য দপ্তরের সাথে পত্র যোগাযোগ করা হচ্ছে।
- নেপ-এর বিটিপিটি প্রশিক্ষণ ব্যবস্থাপনার কাজ ডিজিটালাইজেশন করা হয়েছে।
- নেপ ক্যাম্পাস ও প্রশিক্ষণ কক্ষসমূহকে ওয়াই-ফাই নেটওয়ার্ক এবং সিসি ক্যামেরা নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে, এতে নিরাপত্তা ও প্রশিক্ষণ মনিটরিং সহজতর হয়েছে।
- ভিডিও কনফারেন্স/ ভার্চুয়াল মিটিং এর মাধ্যমে পিটিআইসমূহের কার্যক্রম মনিটরিং করা হচ্ছে এবং এতে কর্মসম্পাদন আরও সহজ হচ্ছে।
- সেবাগ্রাহকদের সময় ও খরচ সাশ্রয় করার লক্ষ্যে নেপ ও পিটিআোইসমূহে প্রশিক্ষণার্থীগণের জন্য অনলাইন রেজিস্ট্রেশন সিস্টেম চালু করা হয়েছে

**এসডিজি বাস্তবায়ন কার্যক্রম**

☐ **লক্ষ্য ৪: গুণগত শিক্ষা: বাস্তাবয়নের অংশ হিসেবে**

- পেশাগত প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে।
- প্রাথমিক শিক্ষা সংক্রান্ত সমস্যা সমাধানে গবেষণা পরিচালিত হচ্ছে।

**ভবিষ্যত পরিকল্পনা**

২০২৩-২০২৪ থেকে ২০২৭-২০২৮ পর্যন্ত আগামী ৫ বছরে ৩৫,০০০ প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণবিহীন শিক্ষককে পিটিআইসমূহের মাধ্যমে ডিপিএড প্রশিক্ষণ প্রদান, রাজস্ব বাজেটের আওতায় মাঠ পর্যায়ের ৩০০০ কর্মকর্তাকে অনলাইন/মুখোমখি পদ্ধতিতে পেশাগত প্রশিক্ষণ প্রদান, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির সেবা প্রদানে ডিজিটাল ও উদ্ভাবনী পদ্ধতির সম্প্রসারণ, শিক্ষক প্রশিক্ষণ কারিকুলাম পরিমার্জন, অবকাঠামো (একসাথে ২০০ জন প্রশিক্ষাণার্থীকে প্রশিক্ষণ প্রদান  উপযোগী ডরমিটরি, আবাসিক ভবন, সীমানা প্রাচীর, অডিটরিয়াম, বৈদ্যুতিক ও পানি সরবরাহ ব্যবস্থা স্থাপন ইত্যাদি) উন্নয়ন এবং প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে চিহ্নিত সমস্যাসমূহ সমাধানের উপায় বের করার লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

**উপসংহার**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মাঠ পর্যায়ের বিভিন্ন স্তরের কর্মকর্তা, পিটিআই সুপারিনটেনডেন্ট এবং শিক্ষকগণের সহায়তায় বিভিন্ন কার্যক্রম অব্যাহত আছে। ২০২৩-২৪ অর্থবছরে ট্রেনিং ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত ট্রেনিংসমূহ অনলাইন ও ফেস-টু-ফেস পদ্ধতিতে বাস্তবায়ন করা হয়েছে। নেপ মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের জন্য শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যক্রমকে কার্যকর করতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকমন্ডলীকে অনুপ্রাণিত করছে। নেপ এসডিজি বাস্তবায়ন ও প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনামতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।